

## শ্রেণি বিজ্ঞপ্তি

ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে ১৪টি কৃষি অঞ্চলে পাইলটিংয়ের জন্য “কৃষি সম্প্রসারণ বাতায়ন” উদ্বোধন

ঢাকা, ১৭কার্তিক, ১৪২৪ বঃ; ০১ নভেম্বর, ২০১৭ খ্রিঃ

মাননীয় কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী, এম.পি বুধবার (০১ নভেম্বর)কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ থেকে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে ১৪টি কৃষি অঞ্চলে পাইলটিংয়ের জন্য “কৃষি সম্প্রসারণ বাতায়ন” এর শুভ উদ্বোধন করেন। প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন প্রোগ্রাম ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের যৌথ উদ্যোগে কৃষকবান্ধব ডিজিটাল কৃষি সেবা ও কৃষি সম্প্রসারণ কর্মকর্তাদের পেশাগত যোগাযোগ এবং কারিগরী অভিজ্ঞতা বিনিময়ের জন্য এ বাতায়ন কাজ করবে। সে সাথে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সম্প্রসারণ সেবার তথ্য ভান্ডার তৈরি হবে এবং কৃষক তার চাহিদামত তথ্য পাবে। ফলে কৃষকের সাথে সম্প্রসারণ কর্মীদের সম্পর্ক আরও নিবিড়, স্বাচ্ছন্দ্যময় ও বহুমাত্রিক হবে।

উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী, এমপি, বলেন দেশের প্রত্যন্ত এলাকার কৃষকদের দোরগোড়ায় কৃষি সেবা পৌঁছে দিতে কৃষি সম্প্রসারণ বাতায়ন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। Access to Information কে এখন Right to Information এ উপনীত করতে হবে। সরকারী –বেসরকারী সকলে হাত হাত রেখে কাজ করলে আমরা বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ে তুলতে পারবো।

তিনি আরো বলেন এই ওয়েব পোর্টালের মাধ্যমে কৃষক ও কৃষাণির তথ্যপ্রাপ্তির অধিকার নিশ্চিত হবে এবং কৃষি বিভাগের কার্যক্রমের সচ্ছতা, জবাবদিহিতা, ও গতিশীলতা নিশ্চিত করা সম্ভব হবে। মাননীয় প্রধানমন্ত্রী সারাদেশে ভিডিও কনফারেন্স করার সুবিধা সৃষ্টি করায় তিনি তাঁর প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন।

এ অনুষ্ঠানে কৃষি মন্ত্রণালয় প্রান্তে মাননীয় কৃষিমন্ত্রীর সাথে উপস্থিত ছিলেন সিনিয়র সচিব মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ, এটুআই এর প্রকল্প পরিচালক কবির বিন আনোয়ার, কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিবগণ, দপ্তর সংস্থার প্রধানগণ, মন্ত্রণালয়ের যুগ্মসচিবসহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা এবং এটুআইয়ের প্রতিনিধিগণ। কুষ্টিয়া জেলা প্রান্তে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক, কুষ্টিয়া এবং কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোঃ মোশারফ হোসেন সহ কৃষি বিভাগের কর্মকর্তা, জনপ্রতিনিধি ও কৃষকগণ।

এ ভিডিও কনফারেন্স ১৪টি উপজেলা সংযুক্ত হয়। সেগুলো হলোঃ (১)দৌলতপুর, মানিকগঞ্জ (২)নকলা, শেরপুর (৩)চাঁদপুর সদর, চাঁদপুর (৪)বালাগঞ্জ, সিলেট (৫)পেকুয়া, কক্সবাজার (৬) ভাঘাইছড়ি, রাজামাটি (৭)দুর্গাপুর, রাজশাহী (৮)কামারখন্দ, সিরাজগঞ্জ (৯)পীরগঞ্জ, রংপুর (১০)বোদা, পঞ্চগড় (১১)মিরপুর, কুষ্টিয়া (১২)রুপসা, খুলনা (১৩)নাজিরপুর, পিরোজপুর এবং (১৪)পাংশা, রাজবাড়ী।

এ ভিডিও কনফারেন্সের মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রী মাঠপর্যায়ে ফসলের অবস্থা, প্রণোদনা কার্যক্রম, পার্সিং, সরিষায় মৌচাষের অগ্রগতিসহ বিভিন্ন তথ্য সম্পর্কে অবহিত হন। এক মাসব্যাপী পাইলটিং সফল করে পরবর্তীতে সারাদেশে এ সুবিধা সম্প্রসারণ করা হবে।

এখানে উল্লেখ্য যে কোন অপারেটর থেকে ২৪ঘণ্টা ১৬৩৪৫ নম্বরে এসএমএস করে কৃষকরা যে কোন সেবা নিতে পারবেন।

  
বিবেকানন্দ রায়

সিনিয়র তথ্য অফিসার

কৃষিমন্ত্রণালয়,

মোবাঃ ০১৭১১-৮১৫৮৮১